



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০১.৩৪.০০১.২১.৯৩৫

তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

বিষয়: এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে একাডেমিক স্বীকৃতির শর্ত পূরণ না করায় পাঠদান নবায়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করেছেন। আপনার প্রতিষ্ঠানের তথ্য ও ফাইলের মূল নথি যাচাই-বাছাই করা হয়। বোর্ড কর্তৃক যাচাই বাছাই এর প্রেক্ষিতে এবং ২০১৮, ২০১৯ অথবা ২০২০ সালে বিদ্যমান আসন সংখ্যার ৭৫% শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হওয়ার শর্ত অথবা ২০১৮, ২০১৯ অথবা ২০২০ সালের গড়ে উক্ত শর্ত পূরণ না করায় একাডেমিক স্বীকৃতি প্রদান করা সম্ভব হলো না। প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রাখার স্বার্থে বর্ণিত শিক্ষা বর্ষের জন্য পাঠদান নবায়ন করা হলো। উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের নামে জমি, অবকাঠামো, যন্ত্রপাতি, শিক্ষা উপকরণ সংগ্রহ সাপেক্ষে কাম্য সংখ্যক পরীক্ষার্থী এবং পাশের হার পূরণ হলে পুনরায় একাডেমিক স্বীকৃতির আবেদন করার জন্য অনুরোধ করা হল।

ক্র: নং	প্রতিষ্ঠানের ধরণ ও কোড	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	সর্বশেষ নবায়ন ফি প্রদানের শিক্ষাবর্ষ	ট্রেডসমূহ	মন্তব্য
১	দাখিল (ভোকঃ) ১৭১২২	চিলমারী সিনিয়র আলিম মাদ্রাসা, সবুজপাড়া, ডাক ও উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম।	২০২০-২০২১	১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ২. সিভিল কন্সট্রাকশন	পাঠদান নবায়ন (১লা জুলাই, ২০২০ থেকে ৩০ জুন, ২০২১ পর্যন্ত)
২	এসএসসি (ভোকঃ) ১৬০১৮	কাদিরাবাদ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়, কাদিরাবাদ, পীরগঞ্জ, রংপুর।	২০২১-২০২২	১. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ২. বিল্ডিং মেইনটেন্যান্স	পাঠদান নবায়ন (১লা জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত)
৩	এসএসসি (ভোকঃ) ২৫১৬২	বি.এম. এস এ্যান্ড টেকনিক্যাল ইনস্টিটিউট, সড়াইল হাইস্কুল, উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।	২০২১-২০২২	১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ২. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ৩. সিভিল কন্সট্রাকশন	পাঠদান নবায়ন (১লা জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত)
৪	এসএসসি (ভোকঃ) ৩৩০০৬	যাদবপুর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, যাদবপুর, গৌরনগর, বাঘারপাড়া, যশোর।	২০২১-২০২২	১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ২. ডেস মেকিং ৩. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ৪. অটোমোটিভ	পাঠদান নবায়ন (১লা জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত)

শর্তসমূহঃ

১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে।

২. ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত ট্রেড/টেকনোলজির চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ও আকারের ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. পরিচালিত ট্রেড/টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
৫. ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
৬. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন নিশ্চিত করতে হবে।
৭. রুটিন অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।
৮. ছাত্র-ছাত্রীদের সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
৯. শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
১০. লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
১১. নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমাণ অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে।
১২. এস,আর,ও অনুসারে যোগ্যতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।
১৩. এস,আর,ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।



২৮-১০-২০২১

মোঃ খালেদ হোসেন

পরিদর্শক

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট সকল
প্রতিষ্ঠান.....

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০১.৩৪.০০১.২১.৯৩৫/১

তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৬) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮) অফিস নথি।



২৮-১০-২০২১

মো: হুমায়ুন কবির

উপপরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)